গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ, মেলান্দহ
জামালপুর

## মে/২০২৩ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ১৮/০৫/২০২৩ খ্রি:
সময় : বেলা ১২.০০ ঘটিকা।
উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন/ না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সভায় জানানো হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর "জুলিও কুরি" শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে মেলান্দহ উপজেলা প্রশাসন ২৮.০৫.২৩ তারিখে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে, গৃহীত কর্মসূচীতে উপস্থিত থাকার জন্য সকল কে অনুরোধ করা হয়। এছাড়া, গত ৩০.০৪.২৩ খ্রি: তারিখ হতে এস.এস.সি, দাখিল, এস.এস.সি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল) পরিক্ষা চলমান রয়েছে। সকল পরিক্ষার্থী সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নকলমুক্ত পরিবেশে পরিক্ষার ব্যাপারে দায়িত্বরত সকলের সহযোগিতা কামনা করা হয়। | আলোচনান্তে, "জুলিও কুরি" শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে মেলান্দহ উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচীতে সংশ্লিষ্ট সকল কে উপস্থিত থাকার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | স্বাস্থ্য ও প:প কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প:প কর্মকর্তা |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ১। প্রদর্শনী বাস্তবায়নঃ এই মাসে বোরো উফশী ফসলের ৫০ টি পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনী ৫০ জন কৃষকের মাঝে বাস্তবায়ন করা হয় ২। কৃষক প্রশিক্ষণ :উদ্বোদ্ধ করনের মাধ্যমে ৬০জন কৃষককে প্রশিক্ষণ/পরামর্শ প্রদান করা হয় ৩। মাঠ দিবস ০২ (দুই) টি কৃষক সংখ্যা ৩০০ জন করা হয়। ৪। সার ও বালাই নাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাই নাশক দোকান পরিদর্শন ৬। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে (চলমান)। | আলোচনান্তে, কৃষকদের প্রশিক্ষণ ও সার ও বালাইনাশক এর মান ঠিক রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | ১। ০১ নভেম্বর/২০২২ হতে ৩০ জুন/২০২৩ পর্যন্ত জাটকা (১০ ইঞ্চি বা ২৫ সে.মি. এর ছোট) সংরক্ষণ সময়কালের অংশ হিসেবে মেলান্দহ উপজেলায় বিভিন্ন মাছ বাজার ও আড়ত নিয়মিত মনিটরিং করা হচ্ছে ২। মৎস্য ও পশুখাদ্য আইন-২০১০ এর আওতায় মেলান্দহ উপজেলায় খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠান/দোকান নিয়মিত পরিদর্শন করা হচ্ছে এবং লাইসেন্স নবায়ন কার্যক্রম চলমান আছে ৩। মৎস্য হ্যাচারি আইন-২০১০ এর আওতায় মেলান্দহ উপজেলায় মনোসেক্স তেলাপিয়া হ্যাচারি ও কার্প হ্যাচারির রেনু উৎপাদন কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে ৪। মে/২০২৩ মাসে মাঠ পরিদর্শন ও পৌরসভা এবং বিভিন্ন ইউনিয়ন হতে আগত ২৬ জন মৎস্য চাষি/পোনামাছ চাষিকে চাহিদা মাফিক পুকুরের পানি পরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান করা হয়েছে ৫। মেলান্দহ উপজেলা মুক্তাচাষ শুরু করার জন্য আগ্রহী চাষি/উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করা হচ্ছে। এ ব্যাপারে বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট, ময়মনসিংহ হাতে-কলমে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ রয়েছে ৬। চলমান এনএটিপি-২ প্রকল্পের আওতায় প্রদর্শনী কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন হচ্ছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা জানান, মে/২৩খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৯৪০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৪১৮ টি, গবদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২২৬৫টি,হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ২৫৫৯৮টি, খামার পরিদর্শন ১০ টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৬টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারীরর সংখ্যা ৯৭ জন, টিকা বিক্রি এবং সিমেন সরবরাহ করে রাজস্ব আদায় ৫০,৫৯০ টাকা। প্রাণিসম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রদত্ত মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রাম সহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে। প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের প্যাকেজ নং W-44 ও W-45 এর আওতায় মেলান্দহ বাজারে কাঁচা বাজার নির্মাণের জন্য প্রকৌশল টিম মেয়র মহোদয়ের উপস্থিতিতে পৌর কাঁচা বাজার এর লে-আউট ঠিকাদারকে বুঝিয়ে দিয়েছেন ,শিগ্রই কাজ শুরু হবে। ইউনিয়ন পর্যায়ে পিজি সদস্যদের ট্রেনিং চলমান রয়েছে। | আলোচনান্তে, খামার পরিদর্শন, খামারিদের সহযোগিতা, অন্যান্য সেবা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে টি আর, কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় ১ম ও ২য় পর্যায়ে বরাদ্দ পাওয়া যায়। উভয় পর্যায়ের প্রকল্পের কাজ চলমান। ইজিপিপি "প্লাস" কর্মসূচির প্রকল্পের কাজ চলমান। প্রত্যেকটি প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সম্মানী ইউপি চেয়ারম্যান বৃন্দ কে অনুরোধ করেন। | আলোচনান্তে, চেয়ারম্যানগণ কে চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সকল বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা সহ অন্য সকল ভাতা ও শিক্ষা উপবৃত্তির চতুর্থ কিস্তির পে-রোল (ভাতার অর্থ বিতরণ) প্রেরনের জন্য প্রস্তুত রয়েছে। অধিদপ্তরের নির্দেশনা পাওয়া মাত্র উক্ত পে-রোল প্রেরণ করা হবে। পল্লী সমাজসেবা কার্যক্রম ও পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এর আওতায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ খাতে মোট ১২ লক্ষ টাকা বিভিন্ন স্কিমের বিপরীতে বিতরণের জন্য প্রস্তুত রয়েছে। উপজেলা পিআইসি কমিটির অনুমোদন সাপেক্ষে উক্ত ক্ষুদ্র ঋণ দ্রুত বিতরণ করা হবে। উপজেলা সমাজ কল্যাণ পরিষদ (কমিটি) থেকে আর্থিক আনুদান প্রাপ্তির জন্য ১৭টি আবেদন জমা পড়েছে। উক্ত আবেদন যাচাই-বাছাই সাপেক্ষে কমিটির সিদ্ধান্ত মোতাবেক আর্থিক অনুদান দ্রুত বিতরণ করা হবে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ০১। উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ৪৫ টি স: প্রা:বি: পরিদর্শন। ২।সকল প্রধান শিক্ষকদের নিয়ে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।০৩। শিক্ষার্থী ভর্তি ও উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত মা সমাবশে, হোম ভিজিট করা হচ্ছে। ০৪। বিভিন্ন প্রকার উন্নয়ন মূলক কাজের তদারকি জোরদার করা হয়।০৫। দাপ্তরিক অন্যান্য কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক অন্যান্য কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) মে/২০২৩ মাসের ১১টি ইউনিয়নের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড় করা হয়েছে। তিনি সকলকে দ্রুত খাদ্যশস্য বিতরণ করার জন্য অনুরোধ জানান। যে সব ইউনিয়ন থেকে ভিজিডির তালিকা সংশোধনের জন্য তালিকা পাওয়া গেছে তা সংশ্লিষ্ট কমিটির অনুমোদন সাপেক্ষে পরিবর্তন করা হবে বলে তিনি সভাকে অবহিত করেন ২। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ২টি পৌরসভা ও ১১ টি ইউনিয়নের ফেব্রুয়ারী পর্যন্ত চুড়ান্ত অনুমোদন দেয়া হয়েছে। পরবর্তী সকল মাসের বরাদ্দ অনুযায়ী ২০ মের মধ্যে চুড়ান্ত অনুমোদন দেয়ার নির্দেশনা আছে। যোগ্য প্রার্থীদের তালিকার হার্ড কপি এবং সফট কপি জরুরী ভিত্তিতে জমা দেয়ার জন্য অনুরোধ জানান।<br>৩। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ১৮ তম ব্যাচের পর প্রশিক্ষণ আপাতত স্থগিত আছে। | আলোচনান্তে ভাতাভোগীর কার্ড পরিবর্তন করা তালিকা অফিসে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | বিধি মোতাবেক রাস্তা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হ য়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম আলোচনা করা সম্ভব হয়নি। | | |
| ১৪ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ২০৫ টি সমবায় সমিতি রয়েছে। ২০২১-২০২২ সালের অডিট কার্য ৩১/০৩/২০২৩ খ্রি. তারিখে সমাপ্ত করা হয়েছে। অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে। উক্ত আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় কার্য অব্যাহত আছে। অত্র উপজেলায় ১৩(তের) টি আশ্রয়ণ-০২ প্রকল্প সমবায় সমিতি লি: নিবন্ধনের কার্যক্রম চলমান। সমবায় অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। ০২/০৪/২০২৩ খ্রি. তারিখ হতে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) সমবায় সমিতি হতে ৪০ জন মহিলা ও ২০ জন পুরুষ মোট ৬০ জন সদস্যকে যথাক্রমে ০২ মাস ব্যপী মোবাইল সার্ভিসিং ও টেইলারিং প্রশিক্ষণের জন্য ইএসডিও নারায়ণপুর জামালপুর প্রেরণ করা হয়েছে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | আলোচনান্তে, চলমান প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ১৫.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ৮.০০ টাকা চলতি এবং ২.৫০ টাকা খেলাপী ঋণ আদায় করা হয়েছে। খেলাপী ঋণ আদায় করার জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের স্বাক্ষরে নোটিশ প্রদান করা হচ্ছে। চলতি অর্থ বছরে ১২টি প্রদর্শনী প্লট করার জন্য বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটির জন্য ৬০০০ টাকা। প্রদর্শনী প্লট সম্পন্ন হয়েছে ১২টি (মাসকলাই, তিল, খেশারী ডাল, পেয়াজ)। ৪০ জন সুফল ভোগীদের অপ্রধান শস্য উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় ৫টি স্কিম পাওয়া গেছে। ০২ টি স্কিম চলমান আছে। | আলোচনান্তে, খেলাপী ঋণ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম আলোচনা করা সম্ভব হয়নি। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা ফরেস্টার |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। এস.এস.সি/দাখিল/ এস.এস.সি (ভোক) ও দাখিল (ভোক) /সমমান পরীক্ষা-২০২৩ পরীক্ষাগুলো সুষ্ঠ ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে ০২। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিক আইডির কাজ চলমান রয়েছে ০৩। বিদ্যালয় পর্যায়ে অনলাইন আইএমএস কার্যক্রম চলমান রয়েছে ০৪। দাপ্তরিক ও অন্যান্য কাজ-কর্ম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি/২৩ হতে জুন/২৩ পর্যন্ত ভি.ডব্লিউ.বি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া গেছে, খাদ্যবান্ধব কর্মসূচির ডাটাবেজে এ নতুন তথ্যাদি আপলোড/যাচাই/ অন্তর্ভুক্তকরণ আগামী ১০.০৫.২৩ খ্রি: তারিখ হতে ৩০.০৬.২৩ খ্রি: তারিখের মধ্যে শেষ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। অভ্যন্তরীণ বোরো সংগ্রহ /২২-২৩ চাল বরাদ্দ, ৬৯৮৪.০০০ মে:টন। ধান বরাদ্দ, ১৭২৯.০০০ মে:টন। সংগ্রহের সময়সীমা ০৭/০৫/২০২৩ ইং ৩১.০৮.২০২৩ ইং পর্যন্ত। মেলান্দহ ও হাজরাবাড়ী পৌরসভায় মোট ০৭ (সাত) জন ডিলারের মাধ্যমে ওএমএস-এর চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। নির্বাচনী এলাকা ও উপজেলা পরিষদ ওয়ারি কাবিখা কার্যক্রম পর্যায়ে চালের বরাদ্দ পাওয়া গেছে। ফুড গ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। | বিভিন্ন বাজার ও রাইস মিলে অতিরিক্ত মজুদ আছে কিনা মনিটরিং চলমান এবং লাইসেন্স ইস্যু চলমান। | উপজেলা খাদ্য কর্মকর্তা |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | বিবিধ | ১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জনানা যে, মেলান্দহ উপজেলা পরিষদের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক বাজেট ও পরিকল্পনা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহারিক নির্দেশনা ২০২০ এর ৩(ব) নং অনুচ্ছেদ মোতাবেক প্রকাশনা খাতে ব্যয় এর জন্য ১০০০০০/- (এক লক্ষ) টাকা, ও ৩ (দ) মোতাবেক সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন খাতে ব্যয় এর জন্য ৫০০০০০/ (পাঁচ লক্ষ) টাকা ব্যয় করা প্রয়োজন।<br>৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১ হতে স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০.৪, তারিখ: ২৯.০১.২৩ মূলে উপজেলা রাজস্ব তহবিল হতে ৫৬৯০০০/- (পাঁচ লক্ষ উনসত্তর হাজার) টাকা ব্যয়ে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে গৃহ নির্মানের লক্ষ্যে অতিরিক্তি ব্যয়ে দুই ঘর নির্মানের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। সে প্রেক্ষিতে ৫৬৯০০০/- (পাঁচ লক্ষ উনসত্তর হাজার) টাকা উপজেলা রাজস্ব তবিল হতে উত্তোলন করা প্রয়োজন।<br>উক্ত নির্মান কাজ তদরকির জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো।<br>১। জনস্বাস্থ্য প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য অফিস, মেলান্দহ<br>২। উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী অফিস, মেলান্দহ<br>৩। উপ-সহকারী প্রকৌশলী, দুর্যোগ ও ত্রাণ কার্যালয়, মেলান্দহ | ১। আলোচনান্তে, উপজেলা পরিষদের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক বাজেট ও পরিকল্পনা সভায় অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। আলোচনান্তে, বিধি মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। বিধি মোতাবেক উক্ত টাকা উত্তোলন পূর্বক ২টি ঘর নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং :উপকা.মেলা.২০২৩.২০

তারিখ : ১৮.০৫.২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব মির্জা আজম এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ................................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৫। অফিস কপি।

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ মেলান্দহ
জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৩.১৮ তারিখঃ ১০.০৫.২০২৩

নোটিশ

আগামী ১৮.০৫.২০২৩ তারিখ, রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায় মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলার হল রুমে উপজেলা পরিষদের সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ১৮.০৫.২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৬.০৫.২০২৩ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০.০৫.২৩

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

সকল ইউপি চেয়ারম্যান
............................... সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৩.১৮ তারিখঃ ১০.০৫.২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জনাব মির্জা আজম এমপি- ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

১০.০৫.২৩

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

# মে/২০২৩ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মো: কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭১১-৬৩৬৮৮৫<br>uzchairmanmelandah@gmail.com | |
| ২. | শফিক জাহেদী রবিন<br>মেয়র মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ৩. | মেয়র হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | | |
| ৪. | ডা: মো: ইউনুস আলী<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | | |
| ৫. | জেসমিন আখতার<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | | |
| ৬. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | | |
| ৭. | মো: আ: ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ৮. | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৯. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | | |
| ১০. | মো: শফিউল আলম<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | | |
| ১১. | মো: রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | | |
| ১২. | মো: শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৩. | মো: মামুন[illegible] রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | 01716287050 | |
| ১৪. | মো: সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | 01713990072 | |
| ১৫. | মোছা: আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৬. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | | |

## মে/২০২৩ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মো: সেলিম মিঞা, উপজেলা নির্বাহীঅফিসার মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | 01749 051050<br>[illegible]rahmed98d@gmail.com | 18.05.23 |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ০১৭৪১৮৩০৬৮৩<br>ufpo.melandah@yahoo.com | |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | 01722260393<br>uaomelandah@gmail.com | 18.05.2023 |
| ০৫ | মো: মাহমুদুর রহমান<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | ০১৭১৮৮২০০২০<br>mahmudur.fm@gmail.com | ১৮/০৫/২৩ |
| ০৬ | ডা: মো: আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | ০১৭৬৬২৫৬৫১৭<br>uomelandahjamalpur@gmail.com | ১৮/০৫/২৩ |
| ০৭ | মো: আ: রাজ্জাক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | | |
| ০৮ | আসাদুল ইসলাম<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01764468852<br>asaduldss@gmail.com | 18-05-23 |
| ০৯ | মো: মোস্তফা কামাল<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | | |
| ১০ | সাজেদা আরফিন<br>উপজেলা মহিলা ~~ও শিশু~~ বিষয়ক কর্মকর্তা | 01716-520824<br>shajedadava@gmail.com | ১৮/৫/২৩ |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977<br>MelandahDYD@gmeil.com | ১৮/৫/২৩ |
| ১২ | শুভাশিষ রায়<br>উপজেলা প্রকৌশলী | | |
| ১৩ | মো: জাকির হোসেন<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | | |
| ১৪ | মো: হাবিবুল্লাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01710151853 | |
| ১৫ | মো: নাছির উদ্দিন<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01710068658 | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | | |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01628603298<br>Mizan.1972.Rahman@gmail.com | ১৮/৫/২৩ |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01710-880702<br>ucfmelandah856@gmail.com | ১৮/৫/২৩ |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | 01719-431435 | |